NOV. 15 2001

ভোরের কাগজ

পৃষ্ঠা 6 কলাম 1

# প্রাথমিক ও গণশিক্ষা বিভাগকে পূর্ণাঙ্গ মন্ত্রণালয় করার দাবি

**ময়মনসিংহ প্রতিনিধি** : প্রাথমিক ও গণশিক্ষা বিভাগকে পূর্ণাঙ্গ মন্ত্রণালয় ঘোষণার দাবি জানিয়েছেন সহকারী উপজেলা শিক্ষা অফিসার সমিতির নেতৃবৃন্দ। গত বুধবার ময়মনসিংহে বুনিয়াদী প্রশিক্ষণে অংশ নেওয়া সহকারী উপজেলা শিক্ষা অফিসারদের (এইউইও) আলোচনা সভায় নেতৃবৃন্দ এ দাবি উত্থাপন করে।

শহীদ উল্লাহর (নান্দাইল, ময়মনসিংহ) সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন নূরুল ইসলাম (গফরগাঁও, ময়মনসিংহ), জীবন আরা বেগম (সদর, শেরপুর), নাসির উদ্দিন খলিফা (সদর, বরগুনা), শিরিন আক্তার (সদর, পটুয়াখালী), মাহমুদুল হক (সদর, হবিগঞ্জ), মঞ্জুরুল হক (জগন্নাথপুর, সুনামগঞ্জ), সারওয়ার হোসেন (লোহাগড়া, নড়াইল), এস এম জাকিরুল হাসান (সদর, নোয়াখালী), নাছির উদ্দিন (কুতুবদিয়া, কক্সবাজার) প্রমুখ।

সভায় নেতৃবৃন্দ অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রাথমিক ও গণশিক্ষা বিভাগকে পূর্ণাঙ্গ মন্ত্রণালয় করার পাশাপাশি এইউইওদের যোগ্যতা, দায়-দায়িত্ব, কাজের পরিধি এবং প্রাথমিক শিক্ষা তথা জাতীয় উন্নয়নে তাদের অবদানের বিষয় বিবেচনায় এনে এইউইও পদটি ক্যাডারভুক্ত করার জোর দাবি জানান। সভার শুরুতে বেগম খালেদা জিয়া প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় তার প্রতি সমিতির পক্ষ থেকে অভিনন্দন জ্ঞাপন করা হয়।